# Scholarship MIS

# ইউজার গাইড

ভূমিকা

G2P Payment System বাংলাদেশে একেবারে নতুন। এর সবচেয়ে বড় সুবিধা হলো টাকা প্রাপকের একাউন্টে সরাসরি চলে যায় এবং ডাটা একবার ডিজিটাইজড হয়ে গেলে শিক্ষার্থি বা ভাতাভোগিদের টাকা পাঠাতে খুবই অল্প সময় লাগে বা কোন জটিলতা থাকে না। শুধু পেমেন্ট Cycle আসলেই পেমেন্ট পাঠানো যায়।

এছাড়া টাকা প্রাপ্তির একটি নিশ্চয়তা থাকে। কোন কারণে কেউ টাকা না পেলে বাংলাদেশ ব্যাংকের EFT RETURN তথ্যের মাধ্যমে তা জানা যায় এবং তথ্য সংশোধন করে শিক্ষার্থি বা ভাতাভোগিদের একাউন্টে টাকা পুনরায় পাঠানো যায়। এখানে একটি নিরাপদ মনিটরিং এর ব্যবস্থা রয়েছে।

২০১৯-২০ অর্থ বছরে প্রথম বারের মতো বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থিদের অর্থ G2P পদ্ধতিতে পাঠানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অনেক চ্যালেঞ্জ এখানে থাকবে এবং সেগুলো পার হওয়ার জন্য সকলের সহযোগিতার প্রয়োজন হবে। আশা করা, সংশ্লিষ্ট সকলে সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন এবং G2P Payment System সফল করে তুলবেন।

**বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থিদের জন্য G2P Payment** System **বাস্তবায়নে** যে কাজগুলো করতে হবে

১। ডাটা এন্ট্রি

২। ডাটা এন্ট্রিতে কোন ভুল হলে তা সংশোধন করা (এডিট বা আপডেট করা)।

৩। ডাবল এন্ট্রি হয়ে থাকলে তা নিষ্ক্রিয় করা বা ডিলিট করা

৪। রিপোর্ট দেখে নিশ্চিত হওয়া- সকল বৃত্তিপাপ্ত ছাত্র-ছাত্রীদের তথ্য সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা।

৫। বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তালিকা স্বাক্ষর ও সিল দিয়ে মাউশির নির্দেশনা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা

পেমেন্ট প্রাপ্তির জন্য শর্তাবলী

১। ব্যাংকের নাম, ব্যাংকের ব্রাঞ্চ, রাউটিং নাম্বার, হিসাবধারির নাম (ইংরেজিতে) ও একাউন্ট নাম্বার সঠিকভাবে এন্ট্রি করতে হবে। এসব তথ্য ভুল হলে বৃত্তির টাকা বৃত্তিপ্রাপ্তদের একাউন্টে পৌঁছবে না। এগুলো অত্যন্ত জরুরি।

২। শুধুমাত্র অনলাইন ব্যাংকের তথ্য এন্ট্রি করতে হবে (মাউশির নির্দেশনা দেখুন)।

৩। বৃত্তির ক্ষেত্রে কেবলমাত্র অনলাইন ব্যাংক একাউন্ট ব্যবহার করার অনুমতি রয়েছে। মোবাইল একাউন্ট বা ওয়ালেট অথবা অন্য কোন মাধ্যমে টাকা প্রেরণ বা প্রাপ্তির অনুমতি নেই। এক্ষেত্রে মাউশি প্রেরিত পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।

বৃত্তি প্রাপ্তির শর্ত

১। একজন মেধাবি শিক্ষার্থি তার মেধা অনুসারে বৃত্তি প্রাপ্ত হলে এবং পরবর্তি সময়ে ছাত্রত্ব চলমান থাকলে তিনি বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য যোগ্য হবেন। কেউ পরবর্তি শ্রেণিতে ভর্তি না হলে তিনি বৃত্তির অর্থ পাবেন না। বিস্তারিত জানতে বৃত্তির নীতিমালা দেখুন।

২। এ জন্য Scholarship MIS এ শিক্ষার্থির বর্তমান শিক্ষা সংক্রান্ত তথ্য যথাযথভাবে পূরণ করতে হবে।

পরীক্ষা বর্ষ ও শিক্ষা বর্ষ

১। পরীক্ষা বর্ষ হলো শিক্ষার্থি যে পরীক্ষায় ভালো ফল করার কারণে বৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত হয়েছেন এবং বৃত্তি প্রাপ্তির পর পরবর্তি যে শিক্ষা বর্ষে শিক্ষার্থি ভর্তি হয়েছে সেটি।

২। JSC ও PEC এর ক্ষেত্রে পরীক্ষা পাসের পরবর্তি বছর হবে শিক্ষা বছর। যেমনঃ কেউ যদি JSC বা PEC ২০১৯ সালে পাশ করে থাকে তাহলে তার শিক্ষা বর্ষ হবে ২০২০। আবার কেউ যদি ২০১৮ সালে পাশ করে থাকে তাহলে তার শিক্ষা বর্ষ হবে ২০১৯। ইত্যাদি।

৩। SSC ও HSC ক্ষেত্রে পরীক্ষা পাসের একই বছর বা পরবর্তি বছর বা তার পরবর্তি বছর শিক্ষা বছর হতে পারে। সাধারণভাবে কারো পরীক্ষা বছর ২০২০ হলে শিক্ষা বছর ২০২০ হয়ে থাকে। তবে অনেকে ইঞ্জিনিয়ারিং, মেডিকেল বা ভালো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য অনেকে পাঠ বিরতিতে থাকেন, তাদের ক্ষেত্রে ভর্তির শিক্ষা বর্ষকেই শিক্ষা বর্ষ হিসাবে এন্ট্রি করতে হবে।

## কয়েকটি কারিগরি পরামর্শ

১। ব্রাউজার হিসাবে Mozilla Firefox বা Google Chrome ব্যবহার করুন।

২। সমস্যা হলে ব্রাউজারের ক্যাশ ক্লিয়ার করে নিন।

৩। ইন্টারনেটের স্পীড পরীক্ষা করুন

৪। Error বা সমস্যা দেখা দিলে আপনার ল্যাপটপ বা কম্পিউটার Restart করে দেখতে পারেন।


৫। নিয়মিত ব্রাউজার আপডেট বা আপগ্রেড করুন। ব্যাকডেটেড ব্রাউজারে

## কিভাবে **Scholarship MIS** এ লগইন করবেন


কাজ শুরু করতে হলে Scholarship MIS এ লগইন করতে হবে। এর জন্য URL, User Name/ID ও Password প্রয়োজন। সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে তার User Name/ID হলো প্রতিষ্ঠানের EIIN. পাসওয়ার্ড একটি গোপনীয় তথ্য বিধায় এখানে উল্লেখ করা হলো না। Scholarship MIS এ লগইন করার জন্য নিচের URL টি ব্যবহার করুন।

http://103.48.16.248:8080/HSP-MIS/login

ব্রাউজারের এড্রেস বারে URL টি টাইপ করুন এবং কী-বোর্ড থেকে এন্টার বাটনে চাপ দিন। নিচের স্ক্রিন্টটি প্রদর্শিত হবে। এবার User Name/ID ও Password টাইপ করুন এবং লগইন বাটনে ক্লিক করুন।




User Name/ID ও Password ঠিক থাকলে নিচের তিনটি অপশন প্রদর্শিত হবে। আপনি যে অপশনটিতে কাজ করতে চান সেটির উপর ক্লিক করুন।





এরপর আপনি Scholarship MIS এ ড্যাশবোর্ড দেখতে পাবেন। এভাবে Scholarship MIS এ লগইন সম্পন্ন হবে। ড্যাশবোর্ডে প্রবেশ করে আপনার প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা দেখে নিবেন এবং তারপর কাজ শুরু করবেন।




কিভাবে ডাটা এন্ট্রি করবেন


1. "বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থি" বাটনে ক্লিক করুন
2. "নতুন শিক্ষার্থি এন্ট্রি" বাটনে ক্লিক করুন
3. একটি ফরম প্রদর্শিত হবে
4. ফরমটি যথাযথভাবে পূরণ করুন। লাল তারকা চিহ্নিত ফিল্ডগুলো অবশ্যই পূরণ করতে হবে।

5. অন্যান্য ফিল্ডগুলোতেও সঠিক ও নির্ভুল তথ্য প্রদান করুন।
6. হিসাবধারীর তথ্য অবশ্যই ইংরেজিতে হতে হবে। এছাড়া ব্যাংক, ব্রাঞ্চ, রাউটিং নাম্বার ইত্যাদির প্রতি আরো বেশি যত্নবান থাকুন। এগুলো ভুল হলে শিক্ষার্থির অর্থ প্রাপ্তি অনিশ্চিত হয়ে পড়বে।
7. সব তথ্য পূরণ করা শেষ “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করুন।
8. একটি সফল মেসেজ প্রদর্শিত হবে।
9. “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থির প্রোফাইল” এ গিয়ে তথ্যটি সেভ হয়েছে কিনা দেখে নিতে পারেন।





## কিভাবে শিক্ষার্থির তথ্য আপডেট বা এডিট বা সংশোধন করবেন

1. “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থি” বাটনে ক্লিক করুন
2. “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থির তথ্য আপডেট” বাটনে ক্লিক করুন
3. “খুঁজুন” বাটনে ক্লিক করুন
4. এন্ট্রিকৃত তথ্যের তালিকা প্রদর্শিত হবে
5. তালিকায় নামের রো তে একটি এডিট বা “সম্পাদনা করুন” বাটনে ক্লিক করুন
6. একটি ফরম প্রদর্শিত হবে এবং শিক্ষার্থির সকল তথ্য প্রদর্শিত হবে ( যা ইতিপূর্বে এন্ট্রি করা হয়েছিলো)
7. প্রয়োজনীয় সংশোধন করুন
8. প্রয়োজনীয় সংশোধন শেষ হলে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করুন।
9. একটি সফল মেসেজ প্রদর্শিত হবে।
10. এভাবে শিক্ষার্থির তথ্য সংশোধনের কাজ সম্পন্ন হবে





**JSC ও PEC 2019 এর তথ্য MIS** অন্তর্ভূক্ত আছে, কিভাবে আপডেট করবেন (নতুন এন্ট্রির প্রয়োজন নেই)


1. “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থি” বাটনে ক্লিক করুন
2. “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থির তথ্য আপডেট” বাটনে ক্লিক করুন
3. ৫ম/৮ম শ্রেণি থেকে যে শিক্ষার্থি আপনার প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে তার পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর টাইপ করুন
4. “খুঁজুন” বাটনে ক্লিক করুন
5. শিক্ষার্থির এন্ট্রিকৃত তথ্য প্রদর্শিত হবে
6. তালিকায় নামের রো তে একট এডিট বা “সম্পাদনা করুন” বাটনে ক্লিক করুন
7. একটি ফরম প্রদর্শিত হবে এবং শিক্ষার্থির সকল তথ্য প্রদর্শিত হবে (যা ইতিপূর্বে এন্ট্রি করা আছে)
8. প্রয়োজনীয় সংশোধন করুন (বর্তমান শিক্ষাগত তথ্য, পেমেন্ট তথ্য ইত্যাদি)
9. প্রয়োজনীয় সংশোধন শেষ হলে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করুন।
10. একটি সফল মেসেজ প্রদর্শিত হবে।
11. এভাবে JSC ও PEC 2019 এর তথ্য MIS অন্তর্ভূক্ত শিক্ষার্থির তথ্য সংশোধনের কাজ সম্পন্ন হবে




কিভাবে ডুপ্লিকেট, অযোগ্য ইত্যাদি ডিলিট বা নিষ্ক্রিয় করবেন


1. "বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থি" বাটনে ক্লিক করুন
2. "বৃত্তির স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক করুন
3. "খুঁজুন" বাটনে ক্লিক করুন
4. এন্ট্রিকৃত তথ্যের তালিকা প্রদর্শিত হবে
5. তালিকায় নামের রো তে একট এডিট বা "সম্পাদনা করুন" বাটনে ক্লিক করুন
6. একটি ফরম প্রদর্শিত হবে
7. ভাতাভোগীর বর্তমান স্ট্যাটাস, স্ট্যাটাস পরিবর্তনের কারণ, মন্তব্য ফিল্ডে প্রয়োজনীয় ইনপুট দিন
8. ইনপুট দেয়া শেষ হলে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করুন।
9. একটি সফল মেসেজ প্রদর্শিত হবে।
10. এভাবে শিক্ষার্থির তথ্য নিষ্ক্রিয়/সক্রিয় কাজ সম্পন্ন হবে
11. তথ্যের নিরাপত্তার স্বার্থে এই MIS এ পূর্ণাঙ্গ ডিলিট অপশন রাখা হয়নি। এটি ডিলিটের মতোই কাজ করে তবে তথ্যটি সম্পূর্ণ মুছে যায় না। প্রয়োজন হলে তথ্যটি আবার ব্যবহারোপযোগি করা যায়।





কিভাবে রিপোর্ট বা তালিকা পাবেন এবং প্রিন্ট করবেন

1. "বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থি" বাটনে ক্লিক করুন
2. "রিপোর্ট" বাটনে ক্লিক করুন
3. "বৃত্তি রিপোর্ট" বাটনে ক্লিক করুন
4. রিপোর্টের নাম, কর্মসূচি, অর্থবছর ইত্যাদি নির্বাচন করুন
5. "রিপোর্ট দেখুন" বাটনে ক্লিক করুন
6. রিপোর্ট প্রদর্শিত হবে
7. রিপোর্টটি প্রিন্ট করতে পারবেন অথবা পিডিএফ আকারে ডাউনলোড করতে পারবেন।
8. রিপোর্টটি প্রিন্ট করার পর সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থিদের সকল তথ্য মিলিয়ে দেখুন। সঠিক থাকলে সিল ও স্বাক্ষর করে মাউশির পত্রে উল্লেখিত ইমেইলে পাঠিয়ে দিন।




Peoples Republic of Bangladesh
Directorate of Secondary and Higher Education
Ministry of Education, Bangladesh

## Student Details Report

EIIN: 116464 INSTITUTE: JHENIDAH GOVT. HIGH SCHOOL

DIVISION : KHULNA DISTRICT : JHENAIDAH UPAZILA : JHENAIDAH SADAR UNION :

SCHEME: SCHOLARSHIP (DSHE) FISCAL YEAR: 2019-20

| SL No. | Exam Reg No | Exam Year | Class | Student Name | Father Name | Mother Name | Permanent Address | Bank/MFS | Branch | Account Number |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 897 | 181376374 | JSC 2014 | 10 | SAYED TANJIM HASAN SAIF | SAYED FARID AKTER | MOST SHAHANARA KHATUN | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070029285 |
| 898 | 1813763724 | JSC 2020 | 10 | SIDRATUL MUNTAHA | MD ZILLUR RAHMAN | SAMSUN NAHAR | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070026844 |
| 899 | 1813763724 | JSC 2014 | 10 | SIDRATUL MUNTAHA | MD ZILLUR RAHMAN | SAMSUN NAHAR | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070026844 |
| 900 | 1813763724 | JSC 2014 | 10 | SIDRATUL MUNTAHA | MD ZILLUR RAHMAN | SAMSUN NAHAR | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070026844 |
| 901 | 1713283255 | JSC 2017 | 10 | SOUMMO DIP KARMOKER | DILIP KUMER KARMOKER | SUNANDA RANI DATTA | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070028849 |
| 902 | 1813763727 | JSC 2018 | 10 | TAJNUR RAHMAN BADHON | MD AYUB ALI | MST AYESHA KHATUN | Ward No-02, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070027 |
| 903 | 1713283289 | JSC 2017 | 10 | TANZIM HASAN | MD. ABDUS SATTAR | MONJUARA PARVIN | Ward No-08, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070030473 |
| 904 | 1813810659 | JSC 2014 | 10 | TAREK MAHMUD | MD ATIAR RAHMAN | SHERINA KHATUN | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070028795 |
| 905 | 1813810659 | JSC 2014 | 10 | TAREK MAHMUD | MD ATIAR RAHMAN | SHERINA KHATUN | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070028795 |
| 906 | 1813810659 | JSC 2014 | 10 | TAREK MAHMUD | MD ATIAR RAHMAN | SHERINA KHATUN | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | bKash | | 2281070028795 |
| 907 | 1813763749 | JSC 2018 | 10 | YASIR ARAFAT | MD TIPU SULTAN | MST. JASMIN KHATUN | Ward No-03, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070026891 |
| 908 | 1813763713 | JSC 2020 | 10 | YASIR ARAFAT | DR KHA MD EMDADUL HAQUE | MST. JESMIN KHATUN | Ward No-01, Jhenaidah Sadar, Jhenaidah, Khulna | DUTCH-BANGLA BANK LTD. | JHENAIDAH | 2281070026678 |

## কিভাবে তালিকা চূড়ান্ত করবেন

রিপোর্ট প্রিন্ট করার পর প্রতিষ্ঠানের অফিসিয়াল তালিকার সাথে (বোর্ডের তালিকা) মিলিয়ে দেখতে হবে। একইসাথে ব্যাংক, ব্রাঞ্চ, হিসাবধারির নাম (ইংরেজিতে) ও একাউন্ট নাম্বার বা হিসাব নাম্বার মেলাতে হবে। সবকিছু যদি মিলে যায় তাহলে বুঝবেন আপনার তালিকা চূড়ান্ত হয়েছে।

## চূড়ান্ত তালিকা বা সিল ও স্বাক্ষর করা তালিকা কোথায় পাঠাবেন

MIS থেকে প্রাপ্ত বৃত্তি শিক্ষার্থিদের তালিকা চূড়ান্ত হলে তা প্রিন্ট করবেন এবং প্রতিষ্ঠান প্রধান তাতে স্বাক্ষর করে সিল দিবেন। মাউশি কর্তৃক প্রেরিত পত্রে এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা দেয়া রয়েছে। পত্রে এই তথ্য পাঠানোর জন্য একটি নির্ধারিত ইমেইল এড্রেস উল্লেখিত আছে। উল্লেখিত ইমেইলে সিল ও স্বাক্ষরিত তালিকা পাঠাতে হবে।

এটাই বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থিদের অর্থ G2P পদ্ধতিতে প্রেরণ করার শেষ ধাপ। ইমেইলে সিল ও স্বাক্ষরিত তালিকা পাঠানো সাপেক্ষে পেমেন্ট প্রদান করা হবে।

## কারিগরি সহায়তা

মাউশি থেকে প্রেরিত পত্রে ৬টি মোবাইল নাম্বার দেয়া হয়েছে সার্বক্ষণিক কারিগরি সহায়তার জন্য। এসব নাম্বারে ফোন করে সহায়তা নিতে পারেন। এছাড়া মাউশির জেলা ও উপজেলা পর্যায়ের প্রোগ্রামার ও সহকারি প্রোগ্রামার গণ আপনাদেরকে সহযোগিতা করতে পারবেন।